# এইচ এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## কৃষিশিক্ষা ১ম পত্র (সৃজনশীল) বিষয় কোড : ২৩৯

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট পূর্ণমান — ৫০

[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। যেকোনো ৫ টি প্রশ্নের উত্তর দাও।]

১। এনায়েতপুর গ্রামে ধানক্ষেতে পোকার আক্রমণ হয়েছে। উপজেলা কৃষি অফিস কৃষকদের নিয়ে ধানক্ষেতে জরুরি বৈঠক করেছেন। জরুরি এ বৈঠকে পোকা চিহ্নিত করে দমনের উপায় বলে দেয়া হয়েছে। বৈঠকে ২২ জন ধানচাষি উপস্থিত ছিলেন। বৈঠকে পোকার বৈশিষ্ট্য আক্রমণের লক্ষণ, যান্ত্রিক ও রাসায়নিক দমন পদ্ধতি আলোচনা করা হয়। বৈঠক করায় অধিকাংশ কৃষকই পোকা দমন করে ক্ষতি থেকে রেহাই পেয়েছে।

ক. কৃষক বিদ্যালয়গুলোর নাম লেখ। ১

খ. কৃষক সভা ও উঠোর বৈঠকের বৈশিষ্ট্য তুলনামূলক ব্যাখ্যা কর। ২

গ. এনায়েতপুর গ্রামের কৃষকরা কীভাবে পাকা দমন করার উপায় পেল? ব্যাখ্যা কর। ৩

ঘ. কৃষক ও উপজেলা কৃষি অফিসের কাজ মূল্যায়ন কর। ৪

২। হারুনুর রশিদ এখন নামকরা কৃষিবিজ্ঞানী। তিনি একাদশ শ্রেণির ছাত্র থাকাকালীন কৃষিশিক্ষা বইয়ের 'উচ্চশিক্ষা ও গবেষণা অভিযান' বিষয়ে পড়ার সময় কৃষিতে উচ্চশিক্ষা গ্রহণ করে কৃষিবিজ্ঞানী হওয়ার আগ্রহী হন। তিনি গবেষণা করে বিভিন্ন কিছু উদ্ভাবন, উন্নয়ন ও সংরক্ষণ করেছেন। তার গবেষণা কার্যক্রমে দেশ অনেক উপকৃত হয়েছে।

ক. ২টি কৃষি গবেষণা প্রতিষ্ঠানের নাম লেখ। ১

খ. কৃষিশিক্ষার প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২

গ. হারুনুর রশিদ কী কাজ করে নামকরা কৃষিবিজ্ঞানী হলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. হারুনুর রশিদের গবেষণা কাজে দেশ উপকৃত হওয়ার বিষয়টি মূল্যায়ন কর। ৪

৩। আফাজের জমিতে কয়েক বছর যাবৎ ফসলের ফলন কম হচ্ছে। কৃষি কর্মকর্তার পরামর্শে তার জমির মাটি মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট $P^H$ মিটার দিয়ে পরীক্ষা করেন। পরীক্ষায় দেখা যায়, তার জমির মাটির অম্লমান ৪। কৃষি কর্মকর্তা জৈবিক ও রাসায়নিক পদ্ধতিতে মাটির অম্লত্ব দূর করার পরামর্শ দিলেন।

http://teachingbd.com

ক. AWD কী? ১

খ. মাটি সংশোধন কেন করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট কীভাবে বুঝল মাটির অম্লমান ৪? ব্যাখ্যা কর। ৩

ঘ. আফাজের জমির মাটি কীভাবে ফসল উৎপাদনের উপযোগী করবে? বিশ্লেষণ কর। ৪

৪। জহির মিয়া প্রতি বছরই খুব বেশি পরিমাণে মৌচাষ করে মধু উৎপাদন করলেও গত বছর মধু উৎপাদন খুব কম হয়েছে। কারণ হিসেবে জানা যায়, মৌচাষের সময় যে ব্যবসায়িক কাজে ব্যস্ত থাকার জন্য মৌকলোনির খোঁজখবর ও যত্ন নিতে পারেননি। পরের বছর যত্ন নিয়েছেন, মধু উৎপাদন বেড়েছে। রানি মৌমাছি ধরা, বাক্সে রাখা ও মৌবাক্স উদ্যানে স্থাপন ঝামেলা মনে করে মৌচাষ তিনি বাদ দিতে চাচ্ছেন।

ক. মৌমাছির চাষ কী? ১

খ. সামাজিক বন প্রয়োজন কেন ব্যাখ্যা কর। ২

গ. জহির মিয়া মৌকলোনি কীভাবে পরিচর্যা করেছিলেন? বিশ্লেষণ কর। ৩

ঘ. জহির মিয়ার সিদ্ধান্ত সঠিক কিনা বিশ্লেষণ কর। ৪

৫। জামিল কলেজের শীতকালীন ছুটিতে কাঠের গুঁড়া দিয়ে ওয়েস্টার মাশরুম চাষ করে পাঁচ হাজার টাকা আয় করে। তার বন্ধুরা মাশরুম চাষে উদ্বুদ্ধ হয়ে মাশরুম চাষ করে লাভবান হয়। এ মাশরুম তারা খায় এবং বিক্রি করে লেখাপড়ার খরচ চালায়। বিএ পাস করে দুই বন্ধু মাশরুম চাষ করে আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করে স্বাবলম্বী হয়েছেন।

ক. মাশরুম কী? ১

খ. মাশরুম চাষ কেন করবে? ব্যাখ্যা কর। ২

গ. জামিলের মাশরুম চাষপদ্ধতি ব্যাখ্যা কর। ৩

ঘ. জামিলের বন্ধুরাও মাশরুম চাষ করে লাভবান হওয়ার বিষয়টি মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

৬। টাঙ্গাইল জেলায় গত বছর শাকসবজি উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জন করেনি। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অনুসন্ধানে দেখা গেছে, শীতকালীন তাপমাত্রার প্রভাবে শাকসবজি উৎপাদন ব্যাহত হয়েছে। এজন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বেশকিছু পদক্ষেপ গ্রহণ করায় এ বছর ফলন ভালো হয়েছে।

ক. জলবায়ু কী? ১

খ. ফসল উৎপাদনে বৃষ্টিপাতের প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. টাঙ্গাইলে গত বছর শীতকালে শাকসবজির ফলন হ্রাসের কারণ বিশ্লেষণ কর। ৩

ঘ. কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের গৃহীত পদক্ষেপ কীভাবে মূল্যায়ন করে? ৪

৭। কৃষক আজিজ আখ কাটার পর জমিতে কী চাষ করবেন ভেবে না পেয়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তার কাছে পরামর্শ চাইলেন। তিনি আখ চাষের গোড়া থেকে পুনরায় আখ চাষের পরামর্শ দিলেন। আজিজ ২য় বার আখের গোড়া থেকে আখ চাষ করে ফলন কম পেয়েছেন।

ক. রেটুন চাষ কী? ১

খ. মাটি সংশোধন করার কারণ ব্যাখ্যা কর। ২

গ. আজিজ ২য় বার আখ কীভাবে করেছিলেন? বিশ্লেষণ কর। ৩

ঘ. আজিজের সিদ্ধান্ত সঠিক কি-না বিশ্লেষণ কর। ৪

৮। মঈন বন্যার সময় চাচার বাড়িতে যায়। চারিদিকে থৈ থৈ পানি। শাকসবজির গাছ মরে গিয়ে শাকসবজির দাম চরমে উঠেছে। মঈনকে তার চাচি ফুলকপির তরকারি ও বাঁধাকপির ভাজি দিয়ে ভাত খেতে দেন। মঈন খুব আশ্চর্য হয়ে বলে, শীতকালের সবজি বর্ষাকালে কীভাবে এলো? চাচি বললেন, ডিপ ফ্রিজে সংরক্ষণ করে রাখা হয়েছিল।

ক. শাকসবজি পচনের কারণগুলো লিখ। ১

খ. ফল ও শাকসবজি পচলে কীভাবে বুঝবে? ব্যাখ্যা কর। ২

গ. মঈনের চাচি ফুলকপি ও বাঁধাকপি কীভাবে সংরক্ষণ করেছিল? বিশ্লেষণ কর। ৩

ঘ. মঈনের চাচির সবজি সংরক্ষণের বিষয়টি মূল্যায়ন কর। ৪

Teachingbd.com

# কৃষিশিক্ষা ১ম পত্র

বিষয় কোড : ২৩৯

## বহুনির্বাচনি অভিক্ষা

পূর্ণমান — ২৫

[দ্রষ্টব্য: নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. মীনক্ষেত্র কী?**

ক পোল্ট্রি পালনের স্থান　খ মৎস্য পালনের স্থান
গ গবাদিপশু পালনের স্থান　ঘ বনায়নের স্থান

**২. নদীর প্রবাহ বাধাপ্রাপ্ত হয়ে উৎপন্ন জলাশয়কে কী বলে?**

ক ডোবা　খ হাওর
গ বাঁওড়　ঘ বিল

**৩. সামাজিক বনায়নের প্রধান উদ্দেশ্য কোনটি?**

ক জ্বালানি উৎপাদন বৃদ্ধি　খ সার্বিক কৃষি উৎপাদন বৃদ্ধি
গ জীববৈচিত্র্য রক্ষা করা　ঘ ভূমিক্ষয় রোধ করা

**৪. নিচের কোনটি অধিক অম্লীয় মাটির অম্লমান প্রকাশ করে?**

ক ৪.৫　খ ৫.৮
গ ৭.০　ঘ ৮.৮

**৫. বেলে মাটি সব ধরনের ফসল চাষের উপযোগী না হওয়ার কারণ কোনটি?**

ক বায়ু চলাচল বেশি　খ পানি ধারণ ক্ষমতা কম
গ জৈব উপাদান বেশি　ঘ কর্দম কণার পরিমাণ বেশি

**৬. এফএফএস এর শিক্ষাদান পদ্ধতি হলো—**

i. দেখে শেখা
ii. অভিজ্ঞতা বিনিময়
iii. অংশগ্রহণমূলক

**নিচের কোনটি সঠিক?**

ক i, ii　খ i, iii　গ ii, iii　ঘ i, ii ও iii

**৭. বায়ুর সাথে লাফিয়ে মৃত্তিকা কণার স্থানান্তর হওয়াকে কী বলে?**

ক সয়েল ক্রিপ　খ স্প্ল্যাস ইরোসন
গ সল্টেশন　ঘ শিট ইরোসন

**নিচের উদ্দীপকটি পড় এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**

আরিফ গ্রীষ্মের ছুটিতে গ্রামের বাড়িতে যাওয়ার পথে রাস্তার দু'ধারে বিশেষ ধরনের বৃক্ষ দেখতে পেল। সে বাবার নিকট জানতে পারল ঐ গাছের পাতা একটি পোকা পালনে খাদ্য হিসেবে ব্যবহৃত হয়।

**৮. বৃক্ষের পাতাটি কোন পোকার খাদ্য হিসেবে ব্যবহৃত হয়?**

ক চিংড়ি　খ মৌমাছি
গ রেশম　ঘ মাজরা

**৯. উদ্দীপকের বনায়নে জনগণের—**

i. সক্রিয় অংশগ্রহণ থাকে
ii. লভ্যাংশ থাকে না
iii. স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ থাকে

**নিচের কোনটি সঠিক?**

ক i, ii　খ i, iii　গ ii, iii　ঘ i, ii ও iii

**১০. উদ্ভিদের অত্যাবশ্যকীয় পুষ্টি উপাদান কতটি?**

ক ১৩　খ ১৫　গ ১৭　ঘ ১৯

**১১. ফসলের জমিতে রোগিং-এর উদ্দেশ্য কোনটি?**

ক ফলন বৃদ্ধি　খ পোকা দমন
গ জাত বিশুদ্ধতা　ঘ ফসলের বৃদ্ধি

**১২. ধান বীজ সংরক্ষণের উপর্যুক্ত আর্দ্রতা কত?**

ক ১০%　খ ১২%
গ ১৪%　ঘ ১৬%

**১৩. এস আর আই পদ্ধতি গ্রহণে সমস্যা হলো—**

i. কম বয়স্ক চারা ব্যবহার
ii. শ্রমিকের দক্ষতার অভাব
iii. অপ্রচলিত সেচ পদ্ধতি

**নিচের কোনটি সঠিক?**

ক i, ii　খ i, iii　গ ii, iii　ঘ i, ii ও iii

**১৪. অণুজীব নিচের কোন উদ্ভিদে নাইট্রোজেন সংবর্ধন করে?**

ক ধান　খ আখ　গ সয়াবিন　ঘ রসুন

**১৫. গাভী গরম হওয়ার কত ঘণ্টার মধ্যে প্রজননের ব্যবস্থা করা উচিত?**

ক ৬-১০　খ ১২-১৮　গ ২০-২৪　ঘ ২৬-৩০

**১৬. জমি থেকে পানি নিকাশের সময় নির্ধারণে বিবেচ্য বিষয় হলো—**

i. মাটির প্রকৃতি
ii. উদ্ভিদের বর্ধন
iii. উদ্ভিদের প্রকৃতি

**নিচের কোনটি সঠিক?**

ক i, ii　খ i, iii　গ ii, iii　ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**

প্রাকৃতিক জলাশয়ের অভাবের কারণে 'বিজেআরআই' পাটের ছাল পচানোর বিশেষ পদ্ধতি উদ্ভাবন করেছে।

**১৭. বর্ণিত প্রতিষ্ঠানটি কোথায় অবস্থিত?**

ক ঢাকা　খ গাজীপুর
গ ঈশ্বরদী　ঘ সিলেট

**১৮. উক্ত পদ্ধতির বিবেচ্য বিষয় হলো—**

i. সঠিক মাত্রার সার ব্যবহার　ii. কাঁচা ছাল ব্যবহার
iii. গাছে পর্যাপ্ত রস থাকে

**নিচের কোনটি সঠিক?**

ক i, ii　খ i, iii　গ ii, iii　ঘ i, ii ও iii

**১৯. ধান চাষে সারি থেকে সারির দূরত্ব সাধারণত কত সে.মি.?**

ক ১০-১৫　খ ২০-২৫　গ ৩০-৩৫　ঘ ৪০-৪৫

**২০. নিচের কোনটি পেয়ারার জাত?**

ক শুভ্রা　খ কাঞ্চননগর
গ মোসাম্বি　ঘ তাহেরপুরী

**২১. ডালিয়ার বংশবিস্তারে সাধারণত কোনটি ব্যবহৃত হয়?**

ক বীজ　খ কাণ্ড　গ কন্দ　ঘ পাতা

**২২. ফল পচনের কারণ হলো—**

i. জীবাণু
ii. শ্বসন
iii. আর্দ্রতা

**নিচের কোনটি সঠিক?**

ক i, ii　খ i, iii　গ ii, iii　ঘ i, ii ও iii

**২৩. শুকিয়ে কোন ফল সংরক্ষণ করা যায়?**

ক কমলা　খ আতা　গ ডালিম　ঘ আঙ্গুর

**২৪. জেলিতে সাধারণত কতভাগ ফলের রস থাকে?**

ক ৪০%　খ ৪৫%　গ ৫০%　ঘ ৫৫%

**২৫. কোন সবজির মোরব্বা তৈরি হয়?**

ক বেগুন　খ চাল কুমড়া
গ টমেটো　ঘ ফুলকপি

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | গ | ৪ | ক | ৫ | খ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | গ | ৯ | খ | ১০ | গ | ১১ | গ | ১২ | ক | ১৩ | ঘ |
| ১৪ | গ | ১৫ | খ | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | খ | ২০ | খ | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | খ | | |

http://teachingbd.com